

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২১২

খোয়াই, ২৫ এপ্রিল, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪ : ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্র
খোয়াই জেলায় ৩০৭টি ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে

লোকসভা নির্বাচন ২-ত্রিপুরা পূর্ব (এসটি) সংসদীয় ক্ষেত্রে খোয়াই জেলায় ৬টি বিধানসভা কেন্দ্র রয়েছে। বিধানসভা ক্ষেত্রগুলি হল ২৪-রামচন্দ্রঘাট (এসটি), ২৫-খোয়াই, ২৬-আশারামবাড়ি (এসটি), ২৭-কল্যাণপুর-প্রমোদনগর, ২৮-তেলিয়ামুড়া এবং ২৯-কৃষ্ণপুর (এসটি) বিধানসভা ক্ষেত্রেও ভোটগ্রহণ করা হবে। আগামীকাল এই সংসদীয় ক্ষেত্রে ভোটগ্রহণ করা হবে। ভোটগ্রহণের জন্য জেলায় সব ধরনের প্রস্তুতি চূড়ান্ত হয়েছে। আজ জেলা নির্বাচন আধিকারিক তথা খোয়াই জেলার জেলাশাসক চাঁন্দনী চন্দ্রন এক সাংবাদিক সম্মেলনে একথা জানান।

সাংবাদিক সম্মেলনে জেলা নির্বাচন আধিকারিক জানান, এই জেলার অন্তর্গত ৬টি বিধানসভা ক্ষেত্রে ভোটার রয়েছেন ২,৫৪,৪০১ জন। এর মধ্যে মহিলা ভোটার ১২,৬৬৭০ জন ও পুরুষ ভোটার ১২,৭৭৩১ জন। জেলায় ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ৩০৭টি। এর মধ্যে মডেল ভোটগ্রহণ কেন্দ্র ১৩টি, মহিলা পরিচালিত ভোটগ্রহণ কেন্দ্র ১৩টি, দিব্যাঙ্গজন পরিচালিত ভোটগ্রহণ কেন্দ্র ৬টি এবং যুবদের দ্বারা পরিচালিত ভোটগ্রহণ কেন্দ্র রয়েছে ৬টি। জেলা নির্বাচন আধিকারিক জানান, আজ ভোটগ্রহণের জন্য ভোট সামগ্রী নিয়ে ভোটগ্রহণ কর্মীগণ সংশ্লিষ্ট ভোট কেন্দ্রে পৌঁছে গেছেন। প্রতিটি ভোটগ্রহণ কেন্দ্রেই বিদ্যুৎ, পানীয়জল, শৌচালয় ও র‍্যাম্পের ব্যবস্থা করা হয়েছে। যেসব ভোটগ্রহণ কেন্দ্রে ভোটারদের জন্য শেড করা প্রয়োজন সেখানে শেড তৈরী করা হয়েছে। আগামীকাল শান্তিপূর্ণভাবে ভোটাধিকার প্রয়োগ করতে জেলা নির্বাচন আধিকারিক ভোটারদের প্রতি আহ্বান জানান। সাংবাদিক সম্মেলনে জেলা পুলিশ সুপার ড. রমেশ যাদব সহ সংশ্লিষ্ট আধিকারিকগণ উপস্থিত ছিলেন।
